




ISO 9001:2015



বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১
BARISHAL PALLI BIDYUT SAMITY-1



জেনারেল ম্যানেজারের কার্যালয়
বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১
রুপাতলী, বরিশাল
E Mail: bapbs1@gmail.com
Web Site: www.pbs1.barisal.gov.bd

স্মারক নং-২৭.১২.০৬৫১.৫৩৯.০৭.২৩.২৩. ৫৮৪০

তারিখঃ

১৭ জ্যৈষ্ঠ '১৪৩০ বঃ

৩১ মে '২০২৩ খ্রিঃ

বিষয়ঃ ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের জন্য তালিকাভুক্ত মিনি ঠিকাদার নবায়ন বিজ্ঞপ্তি।

বর্ণিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র সমিতির আওতায় বিতরণ লাইন নির্মাণ/রক্ষণাবেক্ষণ কাজের জন্য তালিকাভুক্ত মিনি ঠিকাদার প্রতিষ্ঠানের ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের জন্য নবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা হল।

শর্তাবলীঃ

- ০১৥ বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে ২০০০.০০ (দুই হাজার) টাকা নগদ জমা প্রদান সাপেক্ষে পূর্বযোগ্যতা নবায়নের জন্য নির্ধারিত ফরম আগামী ২০/০৬/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সমিতির ক্যাশ শাখা থেকে সংগ্রহ করা যাবে।
- ০২৥ বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট সহ বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের ঠিকাদারী ক, খ ও গ লাইসেন্স ও অন্যান্য আনুষঙ্গিক বৈধ সনদ পত্রের সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) আবেদন পত্রের সাথে জমা প্রদান করতে হবে।
- ০৩৥ লাইন সুপারভাইজার ও লাইনম্যানদের নাম ও বাপবিবো হতে প্রাপ্ত নির্বাচিত প্রশিক্ষনের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সহ অভিজ্ঞতার সনদ পত্র এবং লাইন টুলস ও লাইনম্যান টুলস এবং যানবাহন-এর তালিকা আবেদন পত্রের সাথে জমা প্রদান করতে হবে।
- ০৪৥ ঠিকাদারী প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মচারী ও সুপারভাইজারের ছবি সম্বলিত বায়োডাটা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং প্রশিক্ষণ সংক্রান্ত সনদ পত্রের ঠিকাদার কর্তৃক সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ০৫৥ বাপবিবো কর্তৃক মিনি ঠিকাদার হিসাবে অত্র পবিসে তালিকাভুক্তির পত্র সংযুক্ত করতে হবে।
- ০৬৥ আবেদনকারী প্রতিষ্ঠান বর্তমানে যে সকল পবিসে তালিকাভুক্ত আছে তার একটি তালিকা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে + এক্ষেত্রে তথ্য গোপন করা হলে পূর্বযোগ্যতা বাতিল করা হবে।
- ০৭৥ আবেদন পত্র আগামী ২১/০৬/২০২৩ খ্রিঃ তারিখে বেলা ০২:০০ ঘটিকার মধ্যে সমিতির সদর দপ্তরের প্রশাসন বিভাগের রিসিভিং শাখায় জমা প্রদান করতে হবে।
- ০৮৥ অসম্পূর্ণ/নির্ধারিত সময়সীমার পর গৃহীত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে এবং যে কোন আবেদন পত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৯৥ অসম্পূর্ণ/নির্ধারিত সময়সীমার শর্তে উল্লেখ নেই এমন কোন পরিস্থিতি/অবস্থা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(প্রকৌঃ মোঃ হুমায়ুন কবীর)
জেনারেল ম্যানেজার(চঃদাঃ)

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ০১৥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
- ০২৥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস ১/২/৩/৪।
- ০৩৥ নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, বরিশাল।
- ০৪৥ ডিজিএম, (বাকেরগঞ্জ/মেহেন্দীগঞ্জ/মূলাদী জোনাল অফিস), বপবিস-১।
- ০৫৥ এজিএম (ওএন্ডএম), হিজলা সাব-জোনাল অফিস, বপবিস-১।
- ০৬৥ এজিএম (ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ/প্রশাসন), বপবিস-১।
- ০৭৥ প্রকল্প প্রকৌশলী, ইসিবিএল, বপবিস-১।
- ০৮৥ মেসার্স ----- (অবগতি ও অংশ গ্রহনের অনুরোধসহ)।
- ০৯৥ নোটিশ বোর্ড, বপবিস-১।
- ১০৥ অফিস কপি/ মাস্টার কপি।

(প্রকৌঃ মোঃ হুমায়ুন কবীর)